দৈনিক সংবাদ

তারিখ 16 JAN 1994
পৃষ্ঠা 7 কলাম ৫

62

# রাজশাহী ভার্সিটিতে ছাত্র ধর্মঘট পালন

রাজশাহী, ১৫ই জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ওপর পুলিশের বেপরোয়া লাঠিচার্জের ঘটনার প্রতিবাদে আজ ঐ বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালিত হয়েছে। গতকাল বিকেলের ঐ ঘটনার পর সাধারণ ছাত্রছাত্রীরা ধর্মঘটের ডাক দিয়েছিল। আজ বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হয়নি। দুপুর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ কার্যালয়, ব্যাংক ও বাস চলাচলও বন্ধ থাকে।

আন্তঃবিশ্ববিদ্যালয় ভলিবলের আজ ছিল চূড়ান্ত খেলা। ছাত্রছাত্রীরা সকালে শরীর

ভার্সিটি : পৃঃ ৬ কঃ ৭

## ভার্সিটি : ধর্মঘট পালন

( ১ম পৃষ্ঠার পর )

চর্চা বিভাগের কর্মকর্তাদের সাথে এক বৈঠকে শর্ত দেয় যে, ভিসি, প্রো–ভিসি, প্রক্টর, ও পুলিশ এই প্রতিযোগিতার সময় উপস্থিত থাকলে তারা এতে যোগদান করবে না। বিকেলে বিপুলসংখ্যক ছাত্রছাত্রীর উপস্থিতিতে স্টেডিয়ামে শান্তিপূর্ণ খেলা অনুষ্ঠিত হয়। এসময় পুলিশ, ভিসি, প্রো–ভিসি এবং প্রক্টর–সহকারী প্রক্টরদের মাঠে দেখা যায়নি। খেলার উদ্যোক্তারা জানান যে, পরে সিনেট ভবনে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সাম্প্রদায়িকতাবিরোধী ছাত্রসমাজ, রাজশাহী বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক জোট ও বিভিন্ন ছাত্র সংগঠন পৃথক পৃথক বিবৃতিতে গতকাল ছাত্রছাত্রীদের ওপর বিনা উস্কানিতে পুলিশের লাঠিচার্জের নিন্দা করে।